

বৈদ্যুতিক সুপারভাইজার সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণের জন্য শর্তাবলীঃ

১। বৈদ্যুতিক সুপারভাইজার সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন প্রার্থীর যোগ্যতাঃ

ক্রমিক নং	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
(ক)	বি,এসসি ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স)	১ (এক) বৎসরের অভিজ্ঞতা
(খ)	বিএসসি ইঞ্জিনিয়ারিং (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং / মেকানিক্যাল / মেকাট্রনিক্স / ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন / মেরিন / সিভিল ইঞ্জিনিয়ারিং)	৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা
(গ)	ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল)	৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা
(ঘ)	ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রনিক / মেকানিক্যাল / পাওয়ার / রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনার / সিভিল / মেরিন / কম্পিউটার ইঞ্জিনিয়ারিং)	৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা

২। নিম্নবর্ণিত তথ্যাবলী অনলাইন আবেদন এর সাথে সংযুক্ত করতে হবে :

(ক) চালানের মূল কপি .

(খ) শিক্ষাগত যোগ্যতার(ইঞ্জিনিয়ারিং সনদপত্রের) তথ্যাবলী।

(গ) প্রকৌশলী হিসাবে বৈদ্যুতিক কাজের অভিজ্ঞতার তথ্যাবলী ।

(ঘ) জাতীয় পরিচয়পত্র (এনআইডি)পত্রের নম্বর।

(ঙ) আবেদনকারীর স্বাক্ষর এবং ছবি সংযুক্ত করতে হবে ।

৩। পরীক্ষার ফিস বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকে চালানের মাধ্যমে ১-৫৬৩১-০০০০-১৮৫৪ কোডে জমা করতে হবে ।

৪। সেন্টার ফিসের টাকা মোবাইল ব্যাংকিং (বিকাশ ,নগদ ,রকেট) অথবা ডেবিড / ক্রেডিট কার্ড এর মাধ্যমে অনলাইনে প্রদান করতে হবে ।

বৈদ্যুতিক সুপারভাইজার সার্টিফিকেট পরীক্ষার ফিস		
শ্রেণি	পরীক্ষার ফিস	সেন্টার ফিস
C	টাকা-৬০০.০০	টাকা-২৫০.০০
BC	টাকা:১৮০০.০০	টাকা-৫০০.০০
ABC	টাকা-৩৬০০.০০	টাকা-৭৫০.০০
A	টাকা:১৮০০.০০	টাকা-২৫০.০০
B	টাকা:১২০০.০০	টাকা-২৫০.০০
AB	টাকা-৩০০০.০০	টাকা-৫০০.০০

৫। যদি কোন ব্যক্তি আবেদন ফরমে মিথ্যা তথ্য প্রদান করেন তবে তার আবেদন বাতিল করা হবে এবং প্রয়োজনে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে ।

৬। অসমাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য নহে ।

৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন পত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন ।